

Bhatter College

Dantan, Paschim Medinipur

Dept:-Music

Professor Name:-Dr. Santanu Tewari

Semester-II

G.E-2020

GE2T-Aspects of Thata, Mela, Raga & Tala

Course Contents

b) Definition of Raga & a brief knowledge of the following:-

III) Theoretical knowledge of Akarmatrik Swaralipi



Signature of H.O.D

Dated:-08.05.2020

আকারমাত্রিক স্বরলিপি-পদ্ধতির ব্যাখ্যা

১. স র গ ম প ধ ন — সপ্তক। খাদ সপ্তকের চিহ্ন স্বরের নীচে হ্রস্বত, যথা— প, ধ এবং উচ্চ সপ্তকের চিহ্ন স্বরের মাথায় রেফ, যথা— স, র।
২. কোমল র — ঋ, কোমল গ — ঙ্র, কড়ি ম — ঞা, কোমল ধ — দ এবং কোমল ন — ণ।
৩. ঋ^১ = অতিকোমল ঋষভ। অতিকোমল ঋষভের স্থান স ও ঋ স্বরদ্বয়ের মধ্যবর্তী। ঙ্র^১, দ^১, ণ^১ = যথাক্রমে অতিকোমল গান্ধার, ধৈবত ও নিষাদ।
- ঋ^২ = অণুকোমল ঋষভ। অণুকোমল ঋষভের স্থান ঋ ও র স্বরদ্বয়ের মধ্যবর্তী। ঙ্র^২, দ^২, ণ^২ = যথাক্রমে অণুকোমল গান্ধার, ধৈবত ও নিষাদ।
৪. তাল-বিভাগের চিহ্ন পার্শ্বে এক-একটি দাঁড়ি।
৫. সমে ও সম্ হইতে তালের এক ফেরা হইয়া গেলে দাঁড়ির স্থলে I এরূপ একটি 'দণ্ড' চিহ্ন বসে। প্রায় প্রত্যেক কলির আরম্ভে দুইটি দণ্ড বসে। যেখানে গান একেবারে শেষ হয় সেখানে চারিটি দণ্ড বসে।
৬. বিরামের চিহ্ন ও মাত্রাসমূহের চিহ্ন একই; হাইফেন-বর্জিত হইলে এবং স্বরাঙ্করের গায়ে সংলগ্ন না থাকিলেই সেই মাত্রা, বিরামের মাত্রা বলিয়া বুঝিতে হইবে। সুরের ক্ষণিক স্তব্ধতাকে বিরাম বলে।
৭. আস্থায়ীতে প্রত্যাবর্তনের চিহ্নস্বরূপ দুইটি করিয়া দণ্ড বসে। কোনো কলির শেষে এই II যুগল দণ্ড এবং সবশেষে II II দুই জোড়া দণ্ড দেখিলেই আস্থায়ীর প্রথমে যেখানে যুগল দণ্ড আছে সেইখান হইতে আবার আরম্ভ করিবে।
৮. আস্থায়ীর আরম্ভে, এই II যুগল দণ্ডের বাহিরে গানের অংশ গান ধরিবার সময় একবার মাত্র গাহিবে; কারণ প্রত্যেক কলির শেষে এই অংশটুকু “ ” এরূপ উদ্ধৃতিচিহ্নের মধ্যে পুনঃ পুনঃ লিখিত হইয়া থাকে।
৯. অবসানের চিহ্ন, শিরোদেশে যুগল দাঁড়ি, যথা — সা^{II}। হয় এইখানে একেবারে থামিবে; নয় এইখানে থামিয়া গানের অন্য কলি ধরিবে।
১০. মাত্রাসমষ্টি ভিন্ন ভিন্ন ভাগে বিভক্ত। প্রত্যেক ভাগের প্রথম মাত্রার শিরোদেশে ১, ২, ৩, ৪, ০ ইত্যাদি সংখ্যা বিভিন্ন তালান্ধ নির্দেশ করে। শূন্য-চিহ্ন (০) ফাঁক ও যে সংখ্যার শিরোদেশে রেফ-চিহ্নে (যেমন ১', ২') তাহাতেই সম্ বুঝিতে হইবে।
১১. একমাত্রা = 1। অর্ধমাত্রা = ১/২। দুইটি অর্ধমাত্রা, যথা— সরা। চারিটি সিকিমাত্রা, যথা— সরগমা। দুইটি সিকিমাত্রা, যথা— সরঃ। একটি অর্ধমাত্রা ও দুইটি সিকিমাত্রা

